

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬১.২০১০-৯৭৪

তারিখ : ০৭ .০৯.২০১১

বিষয় : বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে 'চাকুরী অবসান' সংক্রান্ত কারণ দর্শানোর নোটিশ।


যেহেতু আপনি ডাঃ খলিফা মাহমুদ তারিক (৪১২৩৪), প্রাক্তন রেজিস্ট্রার, কার্ডিয়াক সার্জারী ইউনিট, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা গত ০১.০৪.২০০৫ তারিখ হতে ১৫.০৪.২০০৫ তারিখ পর্যন্ত শ্রান্তি বিনোদন ছুটিতে গমন করে উক্ত ছুটি ভোগশেষে আর কর্মস্থলে যোগদান করেননি।

যেহেতু, আপনি ১৬.০৪.২০০৫ তারিখ হতে একনাগারে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অর্থাৎ প্রায় ০৬(ছয়) বছর ০৩(তিন) মাস যাবৎ কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু আপনার এ অননুমোদিতভাবে অনুপস্থিতি প্রশাসনিক শুংখলা পরিপত্রি একটি পর্হিত কাজ ; এবং

যেহেতু, বিএসআর (পার্ট-১)-৩৪ বিধি মতে ০৫(পাঁচ) বছরের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিতি 'চাকুরি অবসান' ঘটেছে মর্মে গণ্য ;

এক্ষণে, সেহেতু, উক্ত বিধি মোতাবেক আপনার চাকুরির অবসান ঘটেছে মর্মে কেন আদেশ জারি করা হবে না এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।


(এ. কে. এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব


ডাঃ খলিফা মাহমুদ তারিক (৪১২৩৪)
প্রাক্তন রেজিস্ট্রার, কার্ডিয়াক সার্জারী ইউনিট
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা
(যোগাযোগ ঠিকানা- ১২-এ/৯, ব্লক-এফ, জয়েন্ট কোয়ার্টার, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬১.২০১০-৯৭৪/১(৪)

তারিখ : ০৭ .০৯.২০১১

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভ্যুজ্ঞ কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায়ে প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপ-সচিব (পার-৪ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(স্বাক্ষরকারী নাসরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১১- ৯৮৯

তারিখ : ১৬ .০৯.২০১১


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম (৩৬৭৪২), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বড়লেখা, মৌলভীবাজার-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে বিভাগীয় মামলা রুঞ্জু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ০৫.০৯.২০১১ তারিখে তাঁর ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয় ;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম (৩৬৭৪২), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বড়লেখা, মৌলভীবাজার-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও গুনানী অস্তে সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁর একটি ইনক্রিমেন্ট ০১(এক) বছরের জন্য স্থায়ীভাবে অ-ক্রম বর্ধিষ্ণু (Noncumulative) হারে স্থগিত করা হলো। ভবিষ্যতে তিনি বকেয়া বেতন প্রাপ্ত হবেন না।

তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময় অর্থাৎ ০১.১১.২০০৯ তারিখ হতে ০৩.০৮.২০১০ তারিখ পর্যন্ত সময়-কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।


(এ কে এম আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১১- ৯৮৯/১(৩)

তারিখ : ১৬ .০৯.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিভিল সার্জন, মৌলভীবাজার
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বড়লেখা, মৌলভীবাজার
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বড়লেখা, মৌলভীবাজার
- ১১। ডাঃ মোঃ আবুল কালাম (৩৬৭৪২), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বড়লেখা, মৌলভীবাজার


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd